In the dark, but can't tell exactly when

Jibanananda Das
[Translated by: A.H. Jaffor Ullah]

I rose from the graveyard of dead in the dark, but can't tell exactly when,
For the River Styx* allowed me a break.
Flew towards the earth like a vulture flapping its dark wing.
If I could find that light. The world's love like light?
For, the River Styx allowed me a break.

Seven days passed by - it was then in the dead of the night,
I saw a pack of vultures, both agitated and tired like me,
Flying with their eyes shut, in the dark,
The earth sees in the morn and afternoon
Packs of vultures all tired.

I asked them, "I saw you all on the bank of River Styx
Where one slumbers - only night descends there - on the bank of death's river
Didn't you like the orb's grass, sunbeam, kingfisher, and other engaging act."
The vultures did not seem to care about my query.
What a pity! In darkness, they submerged.

One chose to stay - flapping its large and pale wing, the bird turned;
"Where are you heading?" "To the earth?" "Who is there for you?"
"Everyone is there excepting me, return I did in the morn from the water of Styx:
Who loved me, whom I could love, they all are there in the earth."

Plunged into a deep thought, for a moment, the bird became tired - then,
Flapping its wing restarted its journey towards River Styx.
I blurted, "See, the branches of Tomal, Hijol, Asoth, over there,
And look, there goes the river, the one that hugs my village."
Still the bird kept flying towards the fog.

Seven days and seven nights passed by amidst earth's light-dark rhythm,
I am again flying by myself, lonesome, spreading the dark wing of vulture.
I saw them on earth who still remembers me even today; loved them.
If I could have the organic life with blood and meat. Love would have flowed
Through my accompaniment, every morn and nighttime,
They would have rediscovered me.

They would have loved me more, even more- that is all, nothing less -
For seven days and seven nights, the drapes in their windows fluttered,
I saw them and I thought.
If I could have found my organic life one more time,
My love-amour for them would come true; today, a bewildering thought!
Not only amazing, but also in memory mired by falsehood - an obligation - languor:

Weeklong, I only thought about this being on earth.
Then, I aspired death - death is virtuous - death is my desire one more time,
I am airborne like a swift vulture, spreading pale and wide wing,
No respite - no play - no dream.
Moving towards River Styx as if I'm a tired vulture,
River Styx - its gloomy water - peace giving, peace, peace, soporific, deep slumber.

"ki jeno kokhon ondhokarey" is a poem published under Das's "unpublished" poems
*Styx is mythological river across which the souls of the dead are ferried (from Greek mythology).

কি যেন কখন আমি অন্ধকারে

জীবনানন্দ দাশ

কি যেন কখন আমি অন্ধকারে মৃত্যুর কবর থেকে উঠিলাম
আমারে দিয়েছে ছুটি বৈতরণী নদী* ।
শকুনের মতো কালো ডানা মেলে পৃথিবীর দিকে আমি উড়লাম
সাত-দিন সাত-রাত উড়ে গেলে সেই আলো পাওয়া যায় যদি
পৃথিবীর আলো প্রেম ?
আমারে দিয়েছে ছুটি বৈতরণী নদী ?

সাতদিন শেষ হ'লো-তখন গভীর রাত্রি পৃথিবীর পারে
আমারি মতন ক্ষিপ্র ক্লান্ত এক শকুনের পাল
দেখিলাম আসিতেছে চোখ বুজে উড়ে অন্ধকারে,

তাহারা এসেছে দেখে পৃথিবীর সকাল-বিকাল
ক্লান্ত-ক্লান্ত শকুনের পাল ।
সুধালাম, ‘তোমাদের দেখেছি যে বৈতরণী পারে
সেইখানে ঘুম শুধু- শুধু রাত্রি- মৃত্যুর নদীর, তাহা
পৃথিবীর ঘাস রোদ মাছরাঙা আলোর ব্যস্ততারে
ভালো কি লাগেনি, আহা’ - শুধালাম-
শকুনেরা শুনিলো না তাহা,
ডুবে গেলো অন্ধকারে, আহা !

একজন র’য়ে গেলো- বিবর্ণ বিস্তৃত পাখা ঘুরায়ে সে মাঝ-শুন্যে থেমে :
‘কোথায় যেতেছো তুমি? পৃথিবীতে? সেইখানে কে আছে তোমার?
‘আমি শুধু নাই, হায়, আর সবি র’য়ে গেছে- সকালে এসেছি আমি নেমে
বৈতরণী : তার জলে; যারা তবু ভালোবাসে - ভালোবাসিবার,
পৃথিবীতে রয়েছে আমার ।’

খানিক ভাবিলো কি যে সেই প্রাণ - ক্লান্ত হ’লো- তারপর পাখা
কখন দিয়েছে মেলে বৈতরণী নদীটির দিকে;
বলিলাম : ‘ওই দ্যাখো-দ্যাখা যায় তমালের হিজলের অশথের শাখা
আর ওই নদীটিরে দ্যাখা যায়- আমার গাঁয়ের নদীটিকে-’
চ’লে গেলো তবু সে যে কুয়াশার দিকে ।
তারপর সাত-দিন-সাতরাত কেটে গেলো পৃথিবীর আলো-অন্ধকারে
আবার চলিছে উড়ে একা-একা শকুনের কালো পাখা মেলে
পৃথিবীতে তাহাদের দেখিয়াছি- আজো তা মনে ক’রে রেখেছে আমারে,
ভালোবাসে; রক্তমাংসে থাকিতাম তবু যদি-আমার এ সংসর্গের
ভালোবাসা পেলে,
রোজ ভোরে রোজ রাতে আমারে নতুন ক’রে পেলে

তাহারা বাসিতো ভালো আরো বেশি- এই শুধু- আর কিছু নয় -
সাতদিন-সাতরাত তাহাদের জানালায় পর্দার উড়ে-উড়ে কেবল
ভেবেছি এই কথা
আবার পেতাম যদি সে-শরীর - সে-জীবন তা হ’লে প্রণয় প্রেম সত্য

হ’তো; আজ তা বিস্ময় -
আজ তা বিস্ময় শুধু - শুধু স্মৃতি শুধু ভুল- হয়তো কর্তব্য-বিহ্বলতা :
সাতরাত সাতদিন পৃথিবীতে কেবল ভেবেছি এই কথা ।
তারপর মৃত্যু তাই চাহিলাম - মৃত্যু ভালো- মৃত্যু তাই আর একবার,
বিবর্ণ বিস্তৃত পাখা মেলে দিয়ে মাঝ-শূন্যে আমি ক্ষিপ্র শকুনের মতো
উড়িতেছি- উড়েতেছি; ছুটি নয় - খেলা নয়-স্বপ্ন নয়-যেইখানে
জলের আঁধার
বৈতরণী-বৈতরণী-শান্তি দেয়-শান্তি-শান্তি- ঘুম-ঘুম-ঘুম অবিরত
তারি দিকে ছুটিতেছি আমি ক্লান্ত শকুনের মতো।

কবিতাটি জীবনান্দ দাশের অগ্রন্থিত কবিতা গুচ্ছ হতে নেয়া। কবি এর কোনো শিরোনাম দিয়ে যান নি। তবে এটির নাম ‘বৈতরণী’ হ’লে তা মানানসই হতো। গ্রীক রূপকথায় আমরা সে স্টাইস্ক নদীর নাম পড়েছি সেটি হলো মৃতের নদী। মৃতের আত্মাকে এই নদী পার হতে হয় রূপকথার মতে। বৈতরণী সে’রূপ এক নদী।